



জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

প্রশাসনিক ভবন

টেলিফোন: ০৮৮২৫৮৮৮৪৪৯৮১

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

তারিখ: ১৪/১১/২০২৩

প্রেস বিজ্ঞপ্তি

পাবিপ্রবিতে ‘অধ্যাপক ড. হাবিবা খাতুন: জীবন ও কর্ম’ শীর্ষক আলোচনা

(১৪-১১-২৩): ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক অধ্যাপক প্রবীণ শিক্ষাবিদ বিশিষ্ট গবেষক ও প্রাবন্ধিক ড. হাবিবা খাতুন এর জীবন ও কর্ম নিয়ে আজ মঙ্গলবার এক আলোচনা সভার আয়োজন করে পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইতিহাস বিভাগ। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের সুপার নিউমারারি অধ্যাপক, শামসুন্নাহর হলের সাবেক প্রতোস্ত, বাংলাদেশ ইতিহাস পরিষদের জার্নালের সম্পাদক ছিলেন। বিশিষ্ট লেখক ড. হাবিবা খাতুন গ্যালারী-২ এ আলোচনা সভায় শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, জীবনের প্রতিটি ধাপে জ্ঞানের অন্বেষণ করতে হবে। জ্ঞানের প্রতি আগ্রহ লালন করতে হবে। জ্ঞানের অন্বেষণের মধ্যেই জীবনের সফলতার চাবিকাঠি রয়েছে। শিক্ষকরায়ে পথ দেখান, সে পথে ছুটতে হবে। পৃথিবীকে জানতে হবে। শিক্ষকদের শ্রদ্ধাভরে স্মরণ করতে হবে। জীবনে পরিশ্রমি, ত্যাগি হতে হবে। ভালোটুকু গ্রহণ করলে মন্দ এমনিতে দূর হয়ে যাবে। অন্যকে সম্মান ও শ্রদ্ধা করতে হবে। তবেই তুমি বড় হতে পারবে, ইতিহাস ও সভ্যতা এই শিক্ষাই দেয়।

ইতিহাস বিভাগের সভাপতি ড. মোঃ হাবিবুল্লাহ'র সভাপত্তিতে এতে ড. হাবিবা খাতুন আরও বলেন, মায়েরা জাতিকে জাগাতে পারে, যা আমরা ১৯৫২ ও ৭১ সালে দেখেছি। মেয়েরা সভ্যতার উন্নতিতে অসাধারণ ভূমিকা পালন করেছেন। মেয়েরা পরিবার, জাতিকে আলোকিত করতে পারে। মেয়েদের বিষয়ে বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনা অত্যন্ত যত্নশীল। তিনি বাংলার মেয়েদের বিশ্বদরবারে তুলে ধরেছেন। তিনি আরও বলেন, নামাজের মাধ্যমে জ্ঞান আসে। ইসলাম শাস্তি ও কল্যাণের ধর্ম। কট্টির না হয়েও ধর্মকর্ম করা যায়।

বিশেষ অতিথি উপ-উপাচার্য অধ্যাপক ড. এস এম মোস্তফা কামাল বলেন, ১৯৭৫ সালের ১৫ আগস্ট বাঙালি জাতির মহনায়ককে হত্যার মধ্য দিয়ে জাতি সংস্কার মূলে কুটারাঘাত করা হয়েছে। ইতিহাসের চাকা পিছনে ঠেলে দেয়া হয়েছিল। তবে বর্তমানে ইতিহাস তার সঠিক জায়গায় এসেছে, এর পিছনে মূল অবদান এদেশের নিরপেক্ষ ইতিহাসবিদদের।

প্রধান অতিথি মাননীয় উপাচার্য অধ্যাপক ড. হাজী খাতুন শিক্ষার্থীদের উদ্দেশ্যে বলেন, শেখার আগ্রহ যদি থাকে কেউ ঠেকায়ে রাখতে পারে না। জ্ঞানকে লালন ও ধারণ করতে হবে। তাহলে ভীতরের স্ফ্রেণ্জ বের হয়ে আসবে। ড. হাবিবা খাতুন সমাজ বদলের সঙ্গে সঙ্গে নিজেকে বদলিয়েছেন বলেই তিনি সফল। জাতির মডেল। তিনি আরও বলেন, জীবনে স্ট্রাগল করলে শারীরিক ও মানসিক শক্তি বাড়ে। জীবনে বড় হওয়ার জন্য যা খুব প্রয়োজন।

সভায় আরও বক্তব্য দেন বিভাগের শিক্ষক শফিকুর রহমান ও রাহেনা বেগম। অনুষ্ঠান সঞ্চালনা করেন বিভাগের শিক্ষার্থী সঞ্চিতা রানী।

বার্তা প্রেরক

স্বাক্ষরিত/-

১৪/১১/২৩

(মোঃ ফারুক হোসেন চৌধুরী)

উপ পরিচালক

জনসংযোগ দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা।

মোবাইল নং: ০১৭১১৯৪২২১২,

faruk_kancho@yahoo.com